

বিজ্ঞপ্তি

(জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন “জনশুমারি ও গৃহগণনা ২০২১” প্রকল্পে ফুলবাড়ীয়া উপজেলার ১৩ ( তের) টি ইউনিয়ন ও ফুলবাড়ীয়া পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্যে আগ্রহী শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের নিকট থেকে নিয়ে উল্লিখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুমারি চলাকালীন সময়ে গণনাকারী/তালিকাকারী এবং সুপারভাইজার নির্বাচনের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	ক) ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমান পাশ হতে হবে তবে স্নাতক বা সমমান উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন খ) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। গ) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫” (পাঁচ ইঞ্চি) হতে হবে। ঘ) হাতের লেখা স্পষ্ট ও সুন্দর হতে হবে। ঙ) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী/সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	ক) ন্যূনতম এইচএসসি/সমমান পাশ হতে হবে। খ) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। গ) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫” (পাঁচ ইঞ্চি) হতে হবে। ঘ) হাতের লেখা স্পষ্ট ও সুন্দর হতে হবে। ঙ) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী/সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী :-

- ০১) আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিস, উপজেলা পরিসংখ্যান অফিস, ইউনিয়ন ডিজিটাল তথ্য সেবা কেন্দ্র, ([www.bbs.mymensingh.gov.bd](http://www.bbs.mymensingh.gov.bd)) এবং ([www.bbs.fulbaria.mymensingh.gov.bd](http://www.bbs.fulbaria.mymensingh.gov.bd)) ওয়েবসাইট এ পাওয়া যাবে।
- ০২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন।
- ০৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন (এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব) রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ০৪) মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন এবং কমপক্ষে ৫০% মহিলা নিয়োগ করা হবে।
- ০৫) চাকুরিরত কোন প্রার্থী নিয়োগের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ০৬) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- ০৭) সকল পদের আবেদন ফরমের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ গ্রাম, নিজ মৌজা এবং নিজ ইউনিয়নের নাম উল্লেখপূর্বক ১২/০১/২০২০ খ্রি: হতে ২৬/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ০৮) একজন প্রার্থী শুধুমাত্র তার নিজের ইউনিয়ন/মৌজা ব্যতিত অন্য ইউনিয়নে/মৌজায় আবেদন করতে পারবেন না। পৌরসভার যে ওয়ার্ডের বাসিন্দা শুধু সে ওয়ার্ডে আবেদন করতে পারবেন। নির্ধারিত আবেদন ফরম নিজ হাতে পূরণ করতে হবে ও স্বাক্ষর করতে হবে।
- ০৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- ১০) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে।
- ১১) প্রার্থীকে মাঠ পর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ১২) আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে। (ক) সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ছবি-০২ (দুই) কপি। (খ) জাতীয় পরিচয়পত্র ০১ (এক) কপি। (গ) ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক সনদ ০১ (এক) কপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি।
- ১৩) তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ১৪) পরীক্ষার স্থান, তারিখ ও সময় (প্রযোজ্য ক্ষেত্রে) যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.fulbaria.mymensingh.gov.bd](http://www.bbs.fulbaria.mymensingh.gov.bd)) ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.mymensingh.gov.bd](http://www.bbs.mymensingh.gov.bd)) এ প্রকাশ করা হবে।
- ১৫) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.fulbaria.mymensingh.gov.bd](http://www.bbs.fulbaria.mymensingh.gov.bd)) ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.mymensingh.gov.bd](http://www.bbs.mymensingh.gov.bd)) এ প্রকাশ করা হবে।
- ১৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নয় বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৭) গণনাকারী/তালিকাকারী এবং সুপারভাইজার নির্বাচনের ক্ষেত্রে পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাচাই করা হবে।
- ১৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন- বিয়োজন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(আশরাফুল ছিদ্দিক)

সভাপতি

উপজেলা স্থায়ী শুমারি/জরিপ কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।